বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-৩)- ৯৫৬ জে, তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০২-ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বরিশাল আগৈলঝাড়া সহকারী জজ আদালতে কর্মরত সেরেস্তাদার জনাব মোঃ মাছুম-এর "Kidney /Transfer 'চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

সূত্র: জেলা ও দায়রা জজের কার্যালয়, বরিশাল-এর স্মারক নং-৫৯৩ তারিখ-২০.১১.২০২৫ খ্রি,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মাছুম বরিশাল আগৈলঝাড়া সহকারী জজ আদালতে সেরেস্তাদার পদে কর্মরত আছেন।, তিনি ১৯৯৬ সনে জজ কোর্টে চাকুরীতে যোগদান করে বিভিন্ন দপ্তরে চাকুরী করে আসছেন। তিনি বিগত ২০০৯/২০১০ খ্রি. সনে তার শরীরে ডায়াবেটিস ধরা পরে এবং ডাক্তার দেখিয়ে তার পরামর্শ অনুযায়ী চলতে থাকেন। কিন্তু ২০২২ সালে তিনি একদিন অসুস্থ হয়ে পরলে তিনি ডাক্তারের শরনাপন্ন হন এবং বিভিন্ন পরীক্ষায় তার শরীরের Cretinine-এর পরিমাণ বৃদ্ধি ধরা পরে এবং নিয়মিত ডাক্তারের পরামর্শ অনুযায়ী চলতে থাকেন। কিন্তু গত ০৬.০৮.২০২৫ খ্রি. তারিখ Cretinine পরীক্ষাতে ৬.৫৩ ধরা পরে। তিনি উন্নত চিকিৎসার জন্য ঢাকা যান এবং মিরপুর কিডনী হাসপাতাল, Comfort হাসপাতাল, পরিশেষে ঢাকা CKD &Urology Hospital, শ্যামলী ৩ নং রোড, ডাঃ কামরুল ইসলাম সিদ্দীকি-এর তত্ত্বাবধানে "Kidney Transfer" এর লক্ষে বর্তমানে CKD & Urology Hospital এ ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন। তার দুইটি কিডনী-ই দুর্বল। একটি ৭.৫, অপরটি ৯.৫। ডান পাশের Kidney-টি একেবারে ছোট হয়ে গিয়েছে। ডান পাশের Kidney প্রতিস্থাপন করতে হবে। ডাক্তার তাকে সপ্তাহে দুইবার (রবিবার ও বুধবার) ডায়ালাইসিস (Dialysis) করার পরামর্শ দিয়েছেন। এভাবে এক নাগাড় ০৩ মাস ডায়ালাইসিস (Dialysis) করার পরে তার দেহ ও ডোনারের (Donar) দেহ পরীক্ষান্তে সুস্থ সবল অর্থাৎ উপযোগী হলে অপারেশন (কিডনী প্রতিস্থাপন) এর ব্যবস্থা নিবেন। তিনি সকল সহকর্মীদের নিকট তার এ বিপদের দিনে সহানুভূতি ও সাহায্য তার খুবই প্রয়োজন। কারণ "Kidney Transfer"-এর চিকিৎসা বেশ ব্যয়বহুল। চিকিৎসা, ঔষধ, যাতায়াত, খাওয়া-দাওয়া ইত্যাদি ছাড়াও "ডোনার" (কিডনী দাতা)- কে বেশ ভাল একটি টাকার এমাউন্ট দিতে হবে। তিনি একজন নিম্ন বেতন ভোগী কর্মচারী। তার ০৩ টি সন্তান রয়েছে। যারা বিভিন্ন স্কুল-কলেজে অধ্যয়নরত। তার উন্নত চিকিৎসার জন্য প্রায় ১৮-২২ লক্ষ টাকার মত প্রয়োজন (কম বেশি হতে পারে)। যা তার মত নিম্ন বেতনভোগী কর্মচারীর একার পক্ষে বহন করা খুবই দুরূহ ও কষ্টসাধ্য ব্যাপার বিধায় তিনি বাংলাদেশের সকল বিচার বিভাগীয় বিচারকবৃন্দসহ সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিকট হতে আর্থিক সাহায্য কামনা করছেন।

০২। এমতাবস্থায়, বরিশাল আগৈলঝাড়া সহকারী জজ আদালতে কর্মরত সেরেস্তাদার জনাব মোঃ মাছুম-এর "Kidney /Transfer 'চিকিৎসা ব্যয় বহন করা খুবই দুরূহ ও কষ্টসাধ্য ব্যাপার হওয়ায় তার আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

স্বাক্ষরিত/-
(শরীফুল আলম ভূঁঞা)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
মোঃ মাছুম
সঞ্চয়ী হিসাব নং-০৩০৪১০০২৩৫৮৬৮
সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, বরিশাল।
মোবাইল নং-০১৭২১-৫৩৮৮৩০ (বিকাশ পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-৩)- ৯৫৬ - জে, তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০২-ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------- (সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------- ---------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ---------------------- (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ------------------------------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল........................................ (সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত...............................................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), ল্যান্ডসার্ভে আপিল ট্রাইব্যুনাল.........................................(সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, --------------------------------------------- (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল,............................................................ (সকল)।
১৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
২০। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,........................ (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------(সকল)।
৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল.......................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৯। অফিস কপি।

০২.০২.২৬
(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
২৪২৬৬ তারিখ 01 DEC 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ এর কার্যালয়
বরিশাল।

স্মারক নং ৫১৬ তারিখঃ ২০.১১.২০২৫

প্রেরকঃ সিনিয়র জেলা জজ
বরিশাল।

প্রাপকঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয়ঃ **বরিশাল জজশীপের আগৈলঝাড়া সহকারী জজ আদালতে কর্মরত সেরেস্তাদার জনাব মোঃ মাসুম কিডনী রোগে গুরুতর অসুস্থ জনিত কারণে চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক অনুদান/সাহায্য সংক্রান্ত আবেদন অগ্রগামীকরণ প্রসঙ্গে।**

09 DEC 2025

সূত্রঃ আগৈলঝাড়া সহকারী জজ এর কার্যালয়ের স্মারক নং-৪৮, তারিখঃ ১৬.১০.২০২৫।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক সূত্রে বর্ণিত স্মারকে প্রেরিত বরিশাল জজশীপের আগৈলঝাড়া সহকারী জজ আদালতে কর্মরত সেরেস্তাদার জনাব মোঃ মাসুম এর কিডনী রোগে গুরুতর অসুস্থ জনিত কারণে চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক অনুদান/সাহায্য সংক্রান্ত স্ব-ব্যাখ্যায়িত আবেদন সকল জেলার বিজ্ঞ জেলা ও দায়রা জজ/সমমর্যাদার বিচারক/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের বরাবর অগ্রগামীকরণের নিমিত্তে অত্রসাথ প্রেরণ করা হলো।

১। মোট-২৮ ফর্দ।

বিনীত

২০/১১/২৫

(শেখ ফারুক হোসেন)
সিনিয়র জেলা জজ
বরিশাল।

জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ সহকারী জজ, আগৈলঝাড়া সহকারী জজ আদালত, বরিশাল।
২. জনাব মোঃ মাসুম, সেরেস্তাদার, আগৈলঝাড়া সহকারী জজ আদালত, বরিশাল।

বরিশাল।

বরাবর

মাননীয় জেলা জজ বাহাদুর,

বরিশাল।

প্রেরকঃ ফারহান নাদীম, সহকারী জজ, সহকারী জজ আদালত, আগৈলঝাড়া, বরিশাল।

**বিষয়ঃ আগৈলঝাড়া সহকারী জজ আদালতে কর্মরত জনাব মোঃ মাছুম (সেরেস্তাদার)- এর "Kidney চিকিৎসার/Transfer" লক্ষে ৬৪ টি জেলার সহকারী ভাই বোনের কাছে আর্থিক অনুদান/সাহায্যের আবেদন।**

আমার সহকর্মী ভাই বোনেরা, আমার সালাম গ্রহন করিবেন।

আমি ১৯৯৬ সনে জজ কোর্টে চাকুরীতে যোগদান করে সগৌরবে সম্মানের সহিত বিভিন্ন দপ্তরে চাকুরী করে আসতেছি। বিগত ২০০৯/২০১০ ইং সনে আমার শরীরে ডায়াবেটিস ধরা পরে এবং ডাক্তার দেখিয়ে তার পরামর্শ অনুযায়ী চলতে থাকি। কিন্তু ২০২২ সালে আমি একদিন অসুস্থ হয়ে পরলে আমি ডাক্তারের শরনাপন্ন হই এবং বিভিন্ন পরীক্ষায় আমার শরীরে Cretinine- এর পরিমান বৃদ্ধি ধরা পরে এবং নিয়মিত ডাক্তারের পরামর্শ অনুযায়ী চলতে থাকি। কিন্তু গত ০৬/০৮/২০২৫ ইং তারিখ Cretinine পরীক্ষাতে ৬.৫৩ ধরা পরে। আমি উন্নত চিকিৎসার জন্য ঢাকা যাই এবং মিরপুর কিডনী হাসপাতাল, Comfort হাসপাতাল, পরিশেষে ঢাকা CKD & Urology Hospital, শ্যামলী ৩ নং রোড, ডাঃ কামরুল ইসলাম সিদ্দীকি স্যারের তত্ত্বাবধানে "Kidney Transfer" এর লক্ষে বর্তমানে CKD & Urology Hospital এ ভর্তি হয়ে চিকিৎসা নিতেছি। আমার দুইটি কিডনী-ই দুর্বল। একটি ৭.৫, অপরটি ৯.৫। ডান পাশের Kidney-টি একেবারে ছোট হয়ে গিয়েছে। ডান পাশের Kidney-টি প্রতিস্থাপন করতে হবে। ডাক্তার সাহেব আমাকে সপ্তাহে দুইবার (রবিবার ও বুধবার) ডায়ালাইসিস (Dialysis) করার পরামর্শ দিয়েছেন। এভাবে এক নাগাড় ০৩ মাস ডায়ালাইসিস (Dialysis) করার পরে আমার দেহ ও ডোনারের (Donar) দেহ পরীক্ষান্তে সুস্থ সবল অর্থাৎ উপযোগী হলে অপারেশন (কিডনী প্রতিস্থাপন) এর ব্যবস্থা নিবেন।

এক্ষনে আমার প্রিয় সহকর্মী ভাই/বোনদের কাছে আমার বিনীত আকুল আবেদন এই যে, আমার এই বিপদের দিনে আপনারা আমার পাশে থাকবেন। আপনাদের সহানুভূতি ও সাহায্য আমার খুবই প্রয়োজন। কারন, "Kidney Transfer"- এর চিকিৎসা বেশ ব্যয়বহুল। চিকিৎসা, ঔষধ, যাতায়াত, খাওয়া-দাওয়া ইত্যাদি ছাড়াও "ডোনার" (কিডনী দাতা)- কে বেশ ভাল একটি টাকার এমাউন্ট দিতে হবে। আমি একজন নিম্ন বেতন ভোগী কর্মচারী। আমার ০৩ টি সন্তান রয়েছে। যারা বিভিন্ন স্কুল-কলেজে অধ্যয়নরত। আমার উন্নত চিকিৎসার জন্য প্রায় ১৮-২২ লক্ষ টাকার মত প্রয়োজন (কম বেশি হতে পারে)। যা আমার মত নিম্ন বেতনভোগী কর্মচারীর একার পক্ষে বহন করা খুবই দুরূহ ও কষ্টসাধ্য ব্যাপার। কথায় আছে "দশের লাঠি একের বোঝা"।

তাই আমার প্রানপ্রিয় সহকর্মী ভাই/বোনদের নিকট আমার আকুল আবেদন যে, আমার এই চরম বিপদের দিনে আপনারা আমাকে সাহায্য ও সহানুভূতি দিয়ে আপনাদের কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করবেন। আপনারা সকলে ভাল থাকুন, সুস্থ থাকুন। আল্লাহ হাফেজ। আস্সালামু আলাইকুম।

**সাহায্য পাঠানোর ঠিকানাঃ**

মোঃ মাছুম

হিসাব নং- ০৩০৪১০০২৩৫৮৬৮

সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা,

বরিশাল।

মোবাইলঃ ০১৭২১-৫৩৮৮৩০

বিনীত

(মোঃ মাছুম)

সেরেস্তাদার

আগৈলঝাড়া সহকারী জজ আদালত,

বরিশাল।